

গাইবান্ধা আদর্শ কলেজ

গভর্নিং বডির সভাপতির অপসারণের
দাবিতে ৬ দলের বিক্ষোভ-সমাবেশ

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরিবেশক : গাইবান্ধা আদর্শ কলেজে মেধার ভিত্তিতে যোগ্য শিক্ষক নিয়োগ না করে অর্ধের বিনিময়ে অযোগ্য ও নকলবাজ শিক্ষক নিয়োগের প্রতিবাদে গত ৩০শে ডিসেম্বর বিকেল ৩টায় স্থানীয় শহীদ মিনার চত্বরে ৬টি রাজনৈতিক দলের যৌথ উদ্যোগে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে কলেজ গভর্নিং বডির সভাপতির দায়িত্বে নিয়োজিত গাইবান্ধার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) হযরত আলীর বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতির সুনির্দিষ্ট অভিযোগ এনে অবিলম্বে তার অপসারণ ও শাস্তি দাবি করা হয়। তিনি এই শিক্ষক নিয়োগ কমিটির একজন সভাপতিও বটে।

বিক্ষোভ-সমাবেশে অংশ নেয় আওয়ামী লীগ, গণতন্ত্রী পার্টি, ওয়ার্কার্স পার্টি, বাসদ, সিপিবি ও গণফোরাম নেতাকর্মীবৃন্দ।

সমাবেশে সভাপতিত্ব করেন কার্জন আলী। বক্তব্য রাখেন গণেশ প্রসাদ, আহসানুল হাবীব সাহিদ, ময়নুল ইসলাম রাজা, মোসাদ্দেক হোসেন বুলবুল, মুগাল কান্তি বর্মণ প্রমুখ। নেতৃবৃন্দ অভিযোগ করেন, গাইবান্ধা আদর্শ কলেজে শিক্ষক নিয়োগে শুধু অনিয়ম-দুর্নীতিই হয়নি, নিয়োগ বিজ্ঞপ্তিও ক্রটিপূর্ণ ও উদ্দেশ্যপ্রণোদিত। শূন্য পদের বিপরীতে বিজ্ঞপ্তি দেয়া হয়নি। প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা দেখা হয়নি। অনার্স ও মাস্টার্স উভয় পরীক্ষায় দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ প্রার্থী থাকার সত্ত্বেও তৃতীয় শ্রেণীর অযোগ্য এবং ডিমি পরীক্ষায় নকল সরবরাহে অভিযুক্ত ইংরেজি শিক্ষককে নিয়োগ করা হয়েছে। তার নাম শহীদুজ্জামান। শূন্য পদ না থাকলেও দর্শন বিষয়ে একজন শিক্ষক নিয়োগ করা হয়েছে। মেধার ভিত্তিতে এসব নিয়োগ হয়নি, হয়েছে টাকার বিনিময়ে।